# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 10-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---

১) শপথ গ্রহনের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আজ কার্যভার গ্রহন। কার্যভার গ্রহনের পর শ্রীমোদির কিষাণ সম্মান নিধির সপ্তদশ কিস্তি মঞ্জুর।

২) দেশের জন্য প্রতি মুহুর্তে উৎসর্গিত মনোভাব নিয়ে কাজ করে যাবার জন্য দায়বদ্ধ হতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মীচারীদের প্রতি শ্রীমোদির আহ্বান।

৩) কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে শপথ গ্রহন করে দেশের প্রতি সমর্পিত সেবা প্রদান করে যেতে দৃঢ় সংকল্পবদ্ধ বলে সর্বানন্দ সনোয়ালের মন্তব্য।

এবং

৪) মণিপুরের মুখ্যমন্ত্রী এন বিরেন সিংহের কনভয়ের আগে যাওয়া নিরাপত্তারক্ষীর কনভয়ে সন্দেহভাজন উগ্রপন্থীর আক্রমণে একজন পুলিশ জওয়ান আহত।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে কার্যভার গ্রহণ করেন । কার্যভার গ্রহণের পর শ্রী মোদী কিষাণ সম্মান নিধির সপ্তদশ

কিস্তি মঞ্জুর করেন । এই কিস্তির দ্বারা ৯ কোটি ৩০ লক্ষ কৃষককে প্রায় ২০ হাজার কোটি টাকা বিতরণ করা হবে । শ্রী মোদী বলেন যে তার সরকারের প্রথম সিদ্ধান্ত ই কৃষকদের কল্যাণের জন্য তার প্রতিশ্রতিবদ্ধতাকে প্রতিফলিত করে । প্রধানমন্ত্রী বলেন যে তার সরকার কৃষকদের উন্নয়নের জন্য সম্পূর্নভাবে প্রতিশ্রুতিবদ্ধ । দেশের সব কৃষককে সহায়তা প্রদানের লক্ষে ২০১৯ সালে এই পি এম কিষাণ প্রকল্প আরম্ভ করা হয়েছিল । এই প্রকল্পের মাধ্যমে প্রতিবছর যোগ্য কৃষককে ছহাজার টাকার আর্থিক সাহায্য প্রদান করা হয় ।এই অর্থ দুহাজার টাকা করে তিনটি কিস্তিতে হিতাধিকারীদের ব্যাংক একাউন্টে প্রদান করা হয় । এই প্রকল্পের মাধ্যমে এপর্যন্ত ১১ কোটি কৃষক পরিবার উপকৃত হয়েছে ।

------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কার্যভার গ্রহন করার পর প্রধানমন্ত্রীর কার্যালয়ের আধিকারিক তথা সদস্যদের উদ্দেশ্যে সম্বোধন করেন । তিনি বলেন যে বিগত ১০ বছরে তিনি প্রধানমন্ত্রী কার্যালয়কে উন্নয়নের অনুঘটক হিসেবে ব্যবহার করার চেষ্টা করে আসছেন । তিনি বলেন যে তৃতীয় কার্যকালের জন্য জনসাধারণ তার নেতৃত্বে সরকারকে অর্পন করার দায়িত্ব তার দায়বদ্ধতা বৃদ্ধি করা সহ দেশকে উন্নয়নের শিখরে নিয়ে যাবার সংকল্পকে শক্তিশালী করে তুলেছে । দেশের সরকারের অর্থ সামর্থ , সমর্পন ও সংকল্পের নতুন শক্তি বলে শ্রী মোদী মন্তব্য করেন । তিনি বলেন যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের জন্য সময়ের কোনো সীমাবদ্ধতা থাকবেনা । দেশের জন্য প্রতি মুহুর্তে উৎসর্গিত মনোভাব নিয়ে কাজ করে যাওয়ার জন্য এই কার্যালয় দায়বদ্ধ বলে তিনি উল্লেখ করেন । তিনি দৃঢ় সংকল্প ও সমর্পিত মনোভাব নিয়ে নিষ্ঠা সহকারে কাজ করতে আগ্রহীদের তাকে সহযোগীতা করতে আহ্বান জানান ।

------------------------------------------------------------------------

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন নতুন মন্ত্রীসভার প্রথম বৈঠক আজ নতুনদিল্লীতে চলছে । এতে মন্ত্রীদের মধ্যে দপ্তর বন্টন করা হবে জানা গেছে ।

------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করা উপলক্ষে বিশ্বের নেতাদের তাকে জানানো শুভেচ্ছা বার্তার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডেয়ো বলেছেন যে উভয় দেশের জনসাধারণের মধ্যে মানবাধিকার , বৈচিত্র ও আইনের শাসনের ওপর আধারিত সম্পর্ক এগিয়ে নিয়ে যাবার জন্য কাজ করতে কানাডা প্রস্তুত ।কানাডার প্রধানমন্ত্রীকে এর উত্তরে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে ভারত কানাডার সংগে পারস্পরিক সমঝোতা ও পরস্পরের চিন্তাধারার প্রতি সম্মানের ভিত্তিতে কাজ করতে আগহী ।

ফিনলেন্ডের প্রধানমন্ত্রী পিট্রেরি অর্প তার শুভাচ্ছাবানীতে বলেন যে পারস্পরিক সম্পর্কের বিস্তার করতে তিনি আগ্রহী ও জনসাধারণের মংগলের জন্য একসংগে কাজ করে যেতে তিনি প্রস্তুত । প্রধানমন্ত্রী শ্রী মোদী এর উত্তরে বলেন যে ভারত ফিনলেন্ডের সম্পর্ক উভয় দেশের অংশিদারিত্ব আরো অধিক সুদৃঢ় করার জন্য ফিনলেন্ডের সংগে কাজ করতে আগ্রহী ।

শ্লভেনিয়ার প্রধানমন্ত্রী রবার্ট গলোয়ে তার শুভেচ্ছাবার্তায় বলেন যে উভয় দেশ পরস্পরের সম্পর্ক সুদৃঢ় করতে ও আর্ন্তজাতিক মঞ্চে সহযোগীতা প্রদানে তৎপর ।

মাইক্রোসফটের প্রতিষ্ঠাপক বিল গেটস প্রধানমন্ত্রী হিসেবে তৃতীয় কার্যকালের জন্য নির্বাচিত হবার পরিপ্রেক্ষিতে শ্রী মোদীকে শুভেচ্ছা জানিয়ে এক বার্তায় বলেন যে প্রধানমন্ত্রী মোদী বিশ্বের উদ্ভাবনের উৎস হিসেবে ভারতের স্থিতি শক্তিশালী করেছেন । তিনি স্বাস্থ্য , কৃষি , মহিলা নেতৃত্ব ও ডিজিটেল পরিবর্তনের বিষয়ে বিশ্বে প্রগতি আনার ক্ষেত্রে ভারতের স্থিতিকে শক্তিশালী করেছেন।

---------------------------------------------------------------------------

বিজেপির প্রবীণ নেতা তথা ডিব্রুগড় লোকসভা আসনের সাংসদ সর্বানন্দ সনোয়াল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্ত্রীসভায় গতকাল কেবিনেট মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করে আসামবাসীর আশীর্বাদ মাথায় নিয়ে তিনি দেশ সেবায় দৃঢ় সংকল্পবদ্ধ বলে মত প্রকাশ করেন ।পুনরায় দেশের সেবা করার সুযোগ প্রদান করার জন্য তিনি প্রধানমন্ত্রী শ্রী মোদীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন সহ আসামবাসী

তথা ডিব্রুগড় আসনের জনসাধারণের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।বিগত ১০ বছরে দেশের অভুতপূর্ব উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী শ্রী মোদীর প্রতি দেশবাসীর আস্থা ও বিশ্বাস অটুট রয়েছে বলে উল্লেখ করে আগামীদিনে ভারতকে বিশ্বের তৃতীয় বৃহৎ অর্থনীতির দেশ হিসেবে পরিগণিত করতে এন ডি এ সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে মন্তব্য করেন ।অন্যদিকে রাজ্যসভার সাংসদ তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার রাজনৈতিক সচিব পবিত্র মার্ঘেরিটাও গতকাল প্রথমবারের জন্য কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন ।শ্রী মার্ঘেরিটা তাঁকে মন্ত্রীসভায় অন্তর্ভুক্ত করার জন্য প্রধানমন্ত্রী , দলের শীর্ষ নেতা সহ রাজ্যবাসীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।

---

মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং আজ সকালে ৩৭ নম্বর জাতীয় সড়কের পাশে দুষ্কৃতকারীদের দ্বারা মুখ্যমন্ত্রীর কনভয়ের আগের নিরাপত্তা রক্ষীর দলকে আক্রমণ করার ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন ।তিনি এই ঘটনার সঙ্গে জড়িতদের সনাক্ত করে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে বলে জানান ।মুখ্যমন্ত্রী শ্রী সিং হাসপাতালে গিয়ে গুরুতর আহত জওয়ানের স্বাস্থ্যের খোঁজখবর নেন । উল্লেখ্য ইম্ফাল জিরিবাম ৩৭ নম্বর জাতীয় সড়কের পার্শ্ববর্তী কাংপকপি জেলার কে সিনাম গ্রামে আজ সকাল প্রায় সাড়ে ১০ টা নাগাদ মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিংয়ের কনভয়ের আগে যাওয়া নিরাপত্তারক্ষীর কনভয়ে সন্দেহভাজন উগ্রপন্থীদের আক্রমণে একজন জওয়ান গুরুতর আহত হন ।আহত জওয়ানকে হাসপাতালে ভর্তি করা হয়েছে । ঘটনাস্থলে অতিরিক্ত নিরাপত্তা বাহিনী অভিযান অব্যাহত রেখেছে ।কাংপকপি জেলায় সম্প্রতি সংঘটিত হিংসাত্মক ঘটনায় বহুলোক ক্ষয়ক্ষতির সম্মুখীন হন এবং ক্ষতিগ্রস্থ পরিবারগুলো জিরিবাম জেলা সদরে স্থাপন করা সাহায্য শিবিরে আশ্রয় গ্রহণ করেছেন ।জানা গেছে যে মুখ্যমন্ত্রী শ্রী সিংয়ের আগামীকাল জিরিবাম জেলা সফর করে ক্ষতিগ্রস্থ পরিবারগুলোর সঙ্গে সাক্ষাৎ করার কথা ছিল এবং এই সাক্ষাতের পূর্বে মুখ্যমন্ত্রীর নিরাপত্তা রক্ষীর দলটি আক্রমণের সম্মুখীন হয় ।এদিকে সি এ পি এফ সহ অতিরিক্ত নিরাপত্তা বাহিনী তল্লাশি অভিযান তীব্র করে তুলেছে ।

---

আমরা বাঙালীর আসাম রাজ্য কমিটির পক্ষ থেকে মণিপুরের জিরিবাম জেলার বর্তমানের অস্থির পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে ।কমিটির পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে কেন্দ্রীয় বাহিনীর তত্বাবধানে রাজ্যের সুরক্ষার ভার তুলে দেবার দাবী জানানো হয়েছে ।এছাড়া কাছাড় জেলায় আশ্রয় গ্রহণ করা লোকেদের পর্যাপ্ত সুরক্ষা ও ত্রাণসামগ্রী প্রদান করার দাবী জানানো হয়েছে ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদব জাতীয় শিক্ষানীতি ২০২০ বাস্তবায়নের প্রতি লক্ষ্য রেখে করিমগঞ্জ জেলার মাধ্যমিক স্তরের বিদ্যালয়গুলোতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে আরোহন প্রকল্প চালু করার উদ্যোগ নিয়েছেন ।তিনি জেলার সব বিভাগীয় প্রধান তথা কলেজ অধ্যক্ষ , হাইমাদ্রাসা ও হাইস্কুলের প্রধান শিক্ষকদের কাছে প্রেরণ করা এক পত্রে সব শিক্ষাকর্মী ও কর্মচারীদের আগামী ২৫ শে জুনের মধ্যে আরোহণ পোর্টালে মেন্টর হিসেবে নাম নথিভুক্ত করার আহ্বান জানিয়েছেন ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটি আজ সমগ্র দেশের সঙ্গে শিলচরেও নিট-ইউ জি প্রবেশ পরীক্ষার ফল প্রকাশে  দূর্নীতির অভিযোগ উথ্খাপন করে গোটা ঘটনার পূর্নাঙ্গ তদন্তের দাবীতে বিক্ষোভ কার্য্যসূচী পালন করেছে ।  ছাত্র সংগঠনের পক্ষ থেকে শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সামনে বিক্ষোভ প্রর্দশন করে দেশের রাষ্ট্রপতির উদ্দেশ্যে একটি স্মারক পত্র প্রেরণ করা হয়েছে ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত কার্য্যলয়ের ই-গর্ভন্যান্স শাখায় ডি পি এম ও ডি টি এস এস পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য বাছাই তালিকা ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত ও ই-গর্ভন্যান্স শাখার সদস্য সচিব জানিয়েছেন যে লিখিত পরীক্ষার জন্য বাছাই করা প্রার্থীদের এডমিট কার্ড আগামী ১২ই জুন , সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্য্যন্ত জেলা আয়ুক্তের

কার্য্যলয় থেকে সংগ্রহ করতে হবে । বিশদ বিবরন জেলা আয়ুক্তের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা আইন সেবা কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে সর্বোচ্চ আদালতের নির্দেশে আগামী ২৯শে জুলাই থেকে তেসোরা অগাষ্ট পর্য্যন্ত বিশেষ লোক আদালত অনুষ্ঠিত হবে । এই বিশেষ লোক আদালতের মাধ্যমে জেলা ও দায়রা জজ আদালত এবং উচ্চ ন্যায়ালয়ে বিচারাধীন থাকা আপোষ মীমাংসা যোগ্য মামলাগুলির নিষ্পত্তি করা হবে । এই বিশেষ লোক আদালতের সুবিধা গ্রহন করতে জেলা আইন সেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

এদিকে আসাম রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের নির্দেশে কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষের সহযোগীতায় আগামী ১১ই জুন থেকে শিলচরে বিভিন্ন মামলার প্রাক সিটিং পরিচালনা করা হবে । এ ক্ষেত্রে জাতীয় লোক আদালত নিয়ে যারা সমন পেয়েছেন , তাদেরকে প্রাক সিটিং-এ অংশ নিতে এবং মামলা আপোষ করার সুযোগ গ্রহনের অনুরোধ জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

তারাপুরের পাইওনিয়র সাংস্কৃতিক সংস্থার পক্ষ থেকে আজ একদল প্রতিনিধি পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকারের সঙ্গে সাক্ষাৎ করে তারাপুর শিববাড়ী রোডের ভাঙ্গা সড়কে প্রস্তাবিত এলিভেটেড রোড নির্মান না হওয়া পর্য্যন্ত সড়ক সচল রাখা এবং এলিভেটেড রোড যুদ্ধকালীন তৎপরতায় নির্মানের দাবী জানিয়ে একটি স্মারক পত্র প্রদান করে । পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকার প্রতিনিধি দলকে জানান যে আগামী ১৫ দিনের মধ্যে এলিভেটেড রোডের কাজ শুরু হবে । প্রতিনিধি দলে নির্মল কুমার দাস , দেবদুলাল মালাকার , কার্তিক সাহা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ এরালিগুলের পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের গণিত ও পরিসংখ্যান বিভাগ , ক্যারিয়ার গাইডেন্স সেল এবং আই কিউ এ

সি-এর সহযোগীতায় আজ কলেজের স্মার্ট ক্লাস রুমে গণিত বিজ্ঞানে ক্যারিয়ারের সম্ভাবনা শীর্ষক বিষয়ের উপর একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । কর্মশালায় আগরতলা মহিলা কলেজের গণিত বিভাগের প্রধান ডক্টর কৃষ্ণেন্দু দাস মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । উল্লেখ্য কর্মশালার উদ্দেশ্যে ছিল ছাত্রদের বিভিন্ন ক্যারিয়ারের পথ অনুসন্ধানে সহায়তা করা ।

---------------------------------------------------------------------------